

এমআরএ/সার্কুলার লেটার নং-৫৫

তারিখ: ০৭ বৈশাখ ১৪২৭ বাংলা
২০ এপ্রিল ২০২০ ইংরেজী

প্রধান নির্বাহী কর্মকর্তা
সকল সনদপ্রাপ্ত ক্ষুদ্রঋণ প্রতিষ্ঠান।

বিষয়ঃ- করোনা ভাইরাসের প্রভাবে ক্ষুদ্রঋণ প্রতিষ্ঠানের ক্ষতিগ্রস্ত গ্রাহকসহ দরিদ্র জনগোষ্ঠীর মাঝে জরুরী খাদ্য ও অন্যান্য প্রয়োজনীয় দ্রব্য সামগ্রী বিতরণ প্রসঙ্গে।

প্রিয় মহোদয়,


আপনারা অবগত আছেন যে, করোনা ভাইরাস (কভিড-১৯) এর প্রসার রোধে সামাজিক দূরত্ব বজায় রাখার অংশ হিসেবে ক্ষুদ্রঋণের গ্রাহকসহ দেশের অধিকাংশ জনগোষ্ঠীকে নিজ নিজ আবাসস্থলে অবস্থান করতে হচ্ছে। এভাবে অর্থনৈতিক কর্মকাণ্ড হতে বিরত থাকায় দেশের জনগন বিশেষকরে দরিদ্র/নিম্ন আয়ের লোকজনের আবশ্যিক খাদ্যসহ জীবননাশক বিভিন্ন দ্রব্য সামগ্রী ক্রয় করার আর্থিক সক্ষমতা ক্রমাগত হ্রাসের আশংকা করা যাচ্ছে।

২। এহেন পরিস্থিতিতে উক্ত ক্ষতিগ্রস্ত দরিদ্র জনগোষ্ঠীর মাঝে সরকার স্থানীয় প্রশাসনের মাধ্যমে খাদ্যসহ প্রয়োজনীয় অন্যান্য দ্রব্য সামগ্রী বিতরণের কাজ ইতোমধ্যে শুরু করেছে। ক্ষুদ্রঋণ প্রতিষ্ঠানগুলোও ইতিপূর্বের বিভিন্ন প্রাকৃতিক দুর্যোগের ন্যায় বর্তমান করোনা ভাইরাসজনিত দুর্যোগ মোকাবেলায় সরকারের পাশাপাশি প্রতিষ্ঠানের ক্ষতিগ্রস্ত গ্রাহকসহ দরিদ্র জনগোষ্ঠীর প্রয়োজনীয় খাদ্য ও অন্যান্য দ্রব্য সামগ্রী বিতরণ করছে মর্মে অথরিটিকে অবহিত করা হচ্ছে। বিরাজমান করোনা ভাইরাসের প্রভাব বিবেচনায় এ জাতীয় সামাজিক কার্যক্রমে ক্ষুদ্রঋণ প্রতিষ্ঠান সমূহের অধিকতর সম্পৃক্ত হওয়া যুক্তিসংগত মর্মে অত্র অথরিটি মনে করে।

৩। বর্ণিত অবস্থায়, সকল সনদপ্রাপ্ত ক্ষুদ্রঋণ প্রতিষ্ঠান কে স্থানীয় প্রশাসন/নিবন্ধনকারী কর্তৃপক্ষের সাথে সমন্বয়ের মাধ্যমে নিজ নিজ আর্থিক সক্ষমতা অনুযায়ী করোনা ভাইরাসের প্রভাবে ক্ষতিগ্রস্ত গ্রাহকসহ দরিদ্র জনগোষ্ঠীর মাঝে স্বাস্থ্য মন্ত্রণালয়ের নির্দেশনা অনুসরণ করে প্রয়োজনীয় খাদ্য ও অন্যান্য দ্রব্য সামগ্রী বিতরণের জন্য অনুরোধ করা হলো।

৪। প্রতিষ্ঠানের দাপ্তরিক কার্যক্রম পূর্ণাঙ্গরূপে চালু হওয়ার দ্রুততম সময়ের মধ্যে এ জাতীয় ব্যয়ের প্রমাণকসহ (ব্যয় সংশ্লিষ্ট পরিচালনা পর্ষদের অনুমোদনের কপি, ভাউচার, সুবিধাভোগীর তালিকা, স্থানীয় প্রশাসন/নিবন্ধনকারী কর্তৃপক্ষ অবহিত হওয়ার প্রমাণক ইত্যাদি) বিস্তারিত তথ্য উল্লেখপূর্বক অত্র অথরিটি হতে কার্যোত্তর অনুমোদন গ্রহণেরও অনুরোধ করা হলো।

আপনাদের বিশ্বস্ত,




(মোহাম্মদ ইয়া কুব হোসেন)
পরিচালক

মোবাঃ ০১৮১৫৫০৩৯৭৫
তারিখঃ ২০/০৪/২০২০ইং

নম্বর- ৫৩.০৪.০০০০.০০৯.০১.০০৩.১৮-৯২৮

সদয় অবগতির জন্য অনুলিপি প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়) :-

১. সিনিয়র সচিব, আর্থিক প্রতিষ্ঠান বিভাগ, অর্থ মন্ত্রণালয়, গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২. মহাপরিচালক, এনজিও বিষয়ক ব্যুরো, আগারগাঁও, ঢাকা।
৩. মহাপরিচালক, সমাজসেবা অধিদপ্তর, আগারগাঁও, ঢাকা।
৪. মহাপরিচালক, মহিলা বিষয়ক অধিদপ্তর, ইফ্রাটন গার্ডেন রোড, ঢাকা।
৫. রেজিস্ট্রার, রেজিস্ট্রার অব জয়েন্ট স্টক কোম্পানীজ এন্ড ফার্মস, কারওয়ান বাজার, ঢাকা।
৬. ব্যবস্থাপনা পরিচালক, পল্লী কর্ম সহায়ক ফাউন্ডেশন, আগারগাঁও, ঢাকা।
৭. বিভাগীয় কমিশনার (সকল)।
৮. জেলা প্রশাসক (সকল)।
৯. পিএস টু গভর্নর, বাংলাদেশ ব্যাংক, মতিঝিল, ঢাকা (গভর্নর মহোদয়ের সদয় জ্ঞাতার্থে)।
১০. পিএস টু প্রধানমন্ত্রীর মুখ্য সচিব (প্রধানমন্ত্রীর মুখ্য সচিব মহোদয়ের সদয় জ্ঞাতার্থে)।
১১. পিএস টু মন্ত্রিপরিষদ সচিব (মন্ত্রিপরিষদ সচিব মহোদয়ের সদয় জ্ঞাতার্থে)।



(মোহাম্মদ মিজানুর রহমান)
উপপরিচালক
মোবাঃ ০১৫৫২৪৪০৯২১